



মীর ছাইফুল্লাহ-আল খালেদ মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতি ।

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর অফিস আদেশ নং ২৮.০৩.০০০০.০০৮.১৫.০০৬.১২-৩৩১ তারিখঃ ১৩.০৯.২০১৭ এর মাধ্যমে মীর ছাইফুল্লাহ-আল খালেদকে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতি প্রদান করা হয় ।

ইতোপূর্বে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর অফিস আদেশ নং ২৮.০৩.০০০০.০০৮.১৪.০০৩.০৭-৬০ তারিখঃ ০২.১০.২০১৬ এর মাধ্যমে মীর ছাইফুল্লাহ-আল খালেদকে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক(চলতি দায়িত্ব) হিসাবে নিয়োগ প্রদান করা হয় ।

১৯৮৭ সালে তিনি সেলস অফিসার হিসেবে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এ যোগদান করেন এবং পরবর্তীতে ধাপে ধাপে উচ্চতর পদে পদোন্নতি প্রাপ্ত হন। তিনি কোম্পানীর বিক্রয়/বিপণন বিভাগ ও মানব সম্পদ বিভাগের প্রধান হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

মীর ছাইফুল্লাহ-আল খালেদ ১৯৮৩ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে জিওলজি এন্ড মাইনিং বিষয়ে অনার্স সহ মাস্টার্স ডিগ্রী অর্জন করেন এবং প্রথম শ্রেণীতে প্রথম হিসেবে উত্তীর্ণ হন । পরবর্তীতে তিনি এমবিএ(মার্কেটিং) ডিগ্রী অর্জন করেন। এছাড়াও চাকুরী জীবনে বিভিন্ন সময়ে তিনি দেশে/বিদেশে লুব্রিকেটিং অয়েল মার্কেটিং ও জ্বালানী পণ্য বিপণন উপর প্রশিক্ষণ গ্রহন করেছেন।